

লোকশিল্পী

সন্ধ্যা বিশ্বাস



গ্রাম বাংলার দরদী কণ্ঠী

লোক সঙ্গীত শিল্পী

নিজের কথায় ও সুরে

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী-কে নিয়ে গান

ইতিমধ্যেই রাজ্য জুড়ে বাঁড় তুলেছে।

যোগাযোগ : ৯০০২৪৫৬৬০৩

হিমালয়

বাংলা সংবাদপত্র

বেস্ট বেঙ্গল

আপস নয়, মুখোশ খুলে দেয়

For Online Version See Website : <http://himalayabestbengal.com>

হিমালয় অ্যাড এজেন্সী

বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র
ফোন : ৭০০১৯৯৪০৭৫

দৈনিক সংবাদপত্র
(বাংলা, ইংরেজি, হিন্দি
টিভি চ্যানেল, নিউজ
পোর্টাল-এ বিজ্ঞাপনের
জন্য উপরোক্ত নম্বরে
যোগাযোগ করুন।

পরিষেবা সর্বত্র

R.N.I. No. WBBEN/1994/8864 বর্ষ : ৩৩ সংখ্যা : ১৭ । ১১ সেপ্টেম্বর ০২, ২০২৬ ফোন : ৭০০১৯৯৪০৭৫ Postal Registration No. WB/RNP-398

প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে মাসব্যাপী বিজেপির সেবা সংকল্প অভিযান



পারিজাত বিশ্বাস, রানাঘাট : প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদর দাস মোদীজির ২৫ বছরের জন্মসেবা, সুশাসন ও সমপর্ণের স্বীকৃতি জানাতে এবং ‘বিকশিত ভারত ২০৪৭’-এর সংকল্পকে সামনে রেখে সূচনা হতে চলেছে এক ঐতিহাসিক কর্মসূচির। আগামী ১৭ সেপ্টেম্বর

প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদর দাস মোদীজির জন্মদিন, আর ঐ দিন থেকে একমাস ব্যাপী অর্থাৎ ১৭ অক্টোবর’২৬ পর্যন্ত দেশজুড়ে বিশাল “সেবা সংকল্প অভিযান”-এর ডাক দেওয়া হয়েছে। সাধারণ মানুষের দোরগোড়ায় সরকারি পরিষেবা পৌঁছে দেওয়া এবং জনকল্যাণমূলক প্রকল্পগুলোর সফল নিশ্চিত করাই এই অভিযানের মূল লক্ষ্য। এই কর্মসূচি উপলক্ষে বৃহস্পার দুপুরে রানাঘাট পুরসভার কৃষ্ণ পাতি অডিটোরিয়ামে এক সাংবাদিক সম্মেলনে রাজ্য শিক্ষামন্ত্রী দীপক বর্মণ, রানাঘাট লোকসভা কেন্দ্রের বিজেপি সাংসদ তথা পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যালয় ক্রীড়া পরিষদের সহ সভাপতি জগন্নাথ সরকার, বিজেপি নদিয়া দক্ষিণ কর্মসূচির। আগামী ১৭ সেপ্টেম্বর

নন্দী সহ দলের একাধিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। মাসব্যাপী এই অভিযান উপলক্ষে বেশ কয়েকটি বিশেষ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। প্রথমত, ১৭ সেপ্টেম্বর সন্ধ্যায় দেশের প্রতিটি ব্লক ও পরিবারে প্রদীপ জ্বালিয়ে প্রধানমন্ত্রীর সেবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হবে। সরকারি প্রকল্পের সুবিধাভোগীদের বাড়ি গিয়ে আমন্ত্রণ জানানোর পাশাপাশি সামাজিক মাধ্যমেও চলবে বিশেষ প্রচার। পাশাপাশি ১৭ সেপ্টেম্বর থেকে ১৭ অক্টোবরের মধ্যে দেশের সমস্ত সরকারি ও বেসরকারি বিদ্যালয়ে শিক্ষার্থীদের নিয়ে ‘বিকশিত ভারত’ এবং প্রধানমন্ত্রীর জনসেবামূলক কাজের উপর অঙ্কন ও বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিজয়ীদের পুরস্কৃত করার পাশাপাশি স্কুল প্রাঙ্গণে থাকবে বিশেষ প্রদর্শনী।

গত ২৫ বছরের সেবামূলক কাজ ও দেশের পরিবর্তনের গল্প সাধারণ মানুষের কাছে সহজে পৌঁছে দিতে স্কুল, কলেজ, পঞ্চায়ত ও কমিউনিটি সেন্টারে ২৫-৩০ মিনিটের বিশেষ পথনাটক পরিবেশিত হবে। এছাড়াও প্রতিটি বিধানসভা ব্লক স্তরে “সেবা সেতু” শিবিরের আয়োজন করা হবে, যাতে সাধারণ মানুষ সরাসরি বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধা পেতে পারেন। মাসব্যাপী রক্তদান শিবির, বৃক্ষরোপণ, স্বাস্থ্য পরীক্ষা, যোগ ও ধ্যান অধিবেশন, সাহিবাবির নিরাপত্তা সচেতনতা, ডিজিটাল সাক্ষরতা এবং নারী স্বাস্থ্যের মতো ২৫টি জনহিতকর সেবা কার্যক্রম সূচীতে থাকছে। এই বিষয়গুলি এদিন সাংবাদিকদের সামনে বলেন শিক্ষা মন্ত্রী।



নিজস্ব প্রতিনিধি, নদিয়া : সামাজিক মাধ্যমে ও বিভিন্ন ওয়েব পোর্টালে তাঁর ছবি ব্যবহার করে ভুয়ো ও বিভ্রান্তিকর তথ্য প্রচারের অভিযোগে এবার কড়া বার্তা দিলেন রানাঘাট উত্তর-পূর্ব

বিধানসভা কেন্দ্রের বিধায়ক অসীম বিশ্বাস। তাঁর স্পষ্ট হুঁশিয়ারি, তথ্য যাচাই না করে তাঁর নাম ও ছবি ব্যবহার করে বিভ্রান্তিকর খবর প্রচার করা হলে সংশ্লিষ্ট ব্যক্তি বা সংবাদমাধ্যমের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। সাংবাদিকদের মুখোমুখি হয়ে বিধায়ক জানান, সম্প্রতি কল্যাণী সলংগ শিমুরালি জাতীয় সড়কের পাশে জমি নিয়ে তৈরি হওয়া বিতর্কের সঙ্গে তাঁর কোনও প্রত্যক্ষ সম্পর্ক নেই। কিন্তু নামের মিল ও বিভ্রান্তির যোগে নিয়ে কয়েকটি অনলাইন পোর্টাল এবং সেশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে তাঁর ছবি ব্যবহার করে খবর প্রচার করা হয়েছে বলে অভিযোগ তাঁর। বিধায়কের দাবি, দীর্ঘ প্রায় ২০ থেকে ২৫ বছর ধরে তিনি পঞ্চায়ত স্তর থেকে শুরু করে জনপ্রতিনিধি হিসেবে সাধারণ মানুষের জন্য কাজ করে চলেছেন। প্রতিদিন এলাকার মানুষের সমস্যার বার্তা দিলেন রানাঘাট উত্তর-পূর্ব

রাজনৈতিক ও সামাজিক ভাবমূর্তি ক্ষুণ্ণ করার উদ্দেশ্যে ভুয়ো তথ্য ছড়ানো কোনওভাবেই তা বরদাস্ত করা হবে না বলে হুঁশিয়ারী দেন তিনি। সমালোচনার অধিকার সকলের রয়েছে তাই বলে মিথ্যা এবং বিভ্রান্তিকর বলেও মন্তব্য করেন বিধায়ক। তবে সমালোচনার নামে কারও ছবি ব্যবহার করে মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য প্রচার সম্পূর্ণ আলাদা বিষয় বলে তাঁর দাবি। অসীম বিশ্বাস জানান, কোন কোন ওয়েব পোর্টাল ও সেশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট থেকে তাঁর ছবি ব্যবহার করে ভুয়ো খবর ছড়ানো হয়েছে, তা খতিয়ে দেখা হচ্ছে। সংশ্লিষ্ট পোস্ট দ্রুত সরিয়ে না নেওয়া হলে এবং নিশ্চয় ভাবে ক্ষমা না চাওয়া হলে কড়া আইনি পদক্ষেপ নেওয়া হবে বলেও হুঁশিয়ারি দিয়েছেন তিনি। ঘটনাকে কেন্দ্র করে ইতিমধ্যেই রাজনৈতিক ও সামাজিক মহলে জোড় চর্চা শুরু হয়েছে।

রানাঘাট পান্থপাড়ায় দ্রুত চালু হবে আভারপাস পরিষেবা : জগন্নাথ



নিজস্ব সংবাদদাতা, নদিয়া : নদিয়ার রানাঘাটের পান্থপাড়া এলাকাবাসীদের দীর্ঘদিনের দাবি অবশেষে পূরণ হতে চলেছে। এলাকাবাসী চেয়েছিলেন সেখানেই যাতে একটি আভারপাস রাস্তা করে দেওয়া হয়। সম্প্রতি সেখানে রেলের পক্ষ থেকে আগাম নোটিশ ছাড়াই ঘিরে দেওয়া হয়েছিল। যার ফলে সমস্যায় পড়ে ছিলেন এলাকার হাজারেরও বেশি পরিবার। সেই মুহূর্তেই স্থানীয় জনগণ বিষয়টি রানাঘাট লোকসভা কেন্দ্রের সাংসদ জগন্নাথ সরকারের নজরে আনেন। অসুবিধার কথা জানা মাত্রই অত্যন্ত গুরুত্ব সহকারে বিষয়টি দেখেন জগন্নাথ সরকার। এবিষয়ে তিনি জানান, সাধারণ মানুষের দুর্ভোগ কাটাতে পান্থপাড়ায় একটি নতুন রেলওয়ে আভারপাস নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। সাংসদ জগন্নাথ সরকার আরও জানান, ‘রেলের প্রচলিত নিয়ম অনুযায়ী কোনো স্থানে আগে থেকে লেভেল ক্রসিং বা

গেট না থাকলে সেখানে নতুন করে আভারপাস বা ওভারপাস তৈরি করা যায় না। কিন্তু পান্থপাড়ায় কোনো গেট না থাকলেও প্রায় এক হাজারের বেশি পরিবার সেখানে কার্যত অসুবিধায় দিন কাটিছিল, তাদের যাতায়াতের রাস্তা বন্ধ হয়ে যাওয়ায় চরম দুর্ভোগের মুখে পড়তে হচ্ছিল সংশ্লিষ্ট এলাকার নাগরিক দের। এলাকাবাসীর এই সমস্যার কথা মাথায় রেখে আমি রেলের জেনারেল ম্যানেজার এবং জেলার জেলাশাসক -এর সঙ্গে বিষয়টি নিয়ে কথা বলে প্রশাসনিক স্তরে দ্রুত ‘অনাপত্তি পত্র’ জোগাড়ের ব্যবস্থা করি। জেলা প্রশাসনের পক্ষ থেকে ইতিমধ্যে সেই রেল দফতরে পাঠিয়ে দেওয়া হয়েছে। সাংসদ আরও আশ্বাস দিয়ে বলেন, এ বিষয়ে জিএম-এর সাথে কথা হয়েছে এবং বিশেষ বিবেচনায় নিয়ম শিথিল করে সেখানে আভারপাস তৈরির প্রস্তাব মঞ্জুর করা হয়েছে। বাজেট বরাদ্দ সম্পন্ন হলেই আনুষ্ঠানিকভাবে এই আভারপাস নির্মাণের কাজ শুরু হবে। এই প্রকল্পটি বাস্তবায়িত হলে রানাঘাট পান্থপাড়ার সরকার। এবিষয়ে তিনি জানান, সাধারণ মানুষের দুর্ভোগ কাটাতে পান্থপাড়ায় একটি নতুন রেলওয়ে আভারপাস নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। সাংসদ জগন্নাথ সরকার আরও জানান, ‘রেলের প্রচলিত নিয়ম অনুযায়ী কোনো স্থানে আগে থেকে লেভেল ক্রসিং বা

কৃষ্ণগঞ্জ পঞ্চায়েত সমিতি বিনা প্রতিদ্বন্দ্বিতায় দখল নিল বিজেপি



নিজস্ব সংবাদদাতা, মাজদিয়া : নদিয়ার কৃষ্ণগঞ্জ পঞ্চায়েত সমিতির দখল নিল বিজেপি বিনা প্রতিদ্বন্দ্বিতায়। গত নির্বাচনে কৃষ্ণগঞ্জ পঞ্চায়েত সমিতির ২১ টি আসনের মধ্যে ১২ টিতে জয়লাভ করে তৃণমূল। আটটিতে জয়লাভ করে বিজেপি ও একটিতে জয়লাভ করে কংগ্রেস। স্বাভাবিকভাবেই কৃষ্ণগঞ্জ পঞ্চায়েত সমিতির দখল নেয় তৃণমূল কংগ্রেস। এবং পঞ্চায়েত সমিতির সভাপতি নির্বাচিত হন তৃণমূলের কাকলি দাস ও সহ সভাপতি নির্বাচিত হন অনুপ দাস। রাজ্য সরকারের পাল্লা বদল হতেই দিকে দিকে তৃণমূল কংগ্রেসের কর্মীরা পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতিতে যাওয়া আসা বন্ধ করে দেয়। কেউ কেউ নিজেদের দুর্নীতি চাকতেই পদত্যাগ করে। স্বাভাবিকভাবেই কৃষ্ণগঞ্জ পঞ্চায়েত সমিতির সভাপতি ও সহ-সভাপতি ব্যক্তিগত কারণ দেখিয়ে

পদত্যাগ করে। এই পরিপ্রেক্ষিতে আজ (মঙ্গলবার) কৃষ্ণগঞ্জ পঞ্চায়েত সমিতির সভাপতি ও সহ-সভাপতি নির্বাচন ছিল। তৃণমূলের ও কংগ্রেসের কোনো মেম্বর আসেনি ফলে বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজেপির মঞ্জ সরকার পঞ্চায়েত সমিতির সভাপতি নির্বাচিত হলেন। বিজেপি পঞ্চায়েত সমিতি দখল করার পরেই কর্মীদের মধ্যে আনন্দ উল্লাস পরিলক্ষিত হয়। একদিকে বুমুর নাচ, অন্যদিকে তাসা। গেরুয়া আবিরে হুয়ালাপ হলো, কৃষ্ণগঞ্জ পঞ্চায়েত সমিতির প্রাঙ্গণ। কৃষ্ণগঞ্জ বিভাগ অফিসের মধ্যে কৃষ্ণগঞ্জ বিভাগের উপস্থিতিতে এদিন এই নির্বাচন ছিল। নির্বাচন ঘিরে যাতে কোন অপ্রীতির ঘটনা না ঘটে সেই জন্য পর্যাপ্ত পরিমাণে কৃষ্ণগঞ্জ পুলিশ প্রশাসন প্রচুর পরিমাণে পুলিশ মোতায়েন করে ছিল।



নিজস্ব সংবাদদাতা, কৃষ্ণনগর : নদিয়া দ্বা-বাজে তৃণমূলের অপশাসন কালে পর্যাপ্ত সংখ্যায় বিজেপি সমর্থক থাকলেও নদিয়া দক্ষিণ সাংগঠনিক জেলার তুলনায় কিছুটা হলেও বিশ্বাস ছিল নদিয়া উত্তর সাংগঠনিক জেলার দলীয় পরিকাঠামো সহ

কৃষক পরিবারের সন্তান, ছাত্রাবস্থা থেকে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের ভাব ধারায় অনুপ্রাণিত এবং দক্ষিত জীবনের মধ্য গগনে উপনিত চির কুমার অর্জুন কুমার বিশ্বাসের একমাত্র ধ্যানজ্ঞান নদিয়া উত্তর সাংগঠনিক জেলা গড়ে গেরুয়ায় করে গড়ে তোলা। মোদীজীর স্বপ্নের বিকশিত ভারত গঠনে বাংলার মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সুযোগ্য নেতৃত্বে বিকশিত বাংলা গঠনে অর্জুন কুমার বিশ্বাস তার সুযোগ্য নেতৃত্বে নদিয়ার ক্রিয়ম পূর্ব বিধানসভা কেন্দ্রের জেলায় সাংগঠনিক জেলাব মধ্যে ফেললেও তেহট, নাকশিপাড়া, কৃষ্ণনগর উত্তর এবং কৃষ্ণনগর দক্ষিণ বিধানসভা কেন্দ্র থেকে চার জন শক্তিশালী প্রতিনিধি কে বিধায়ক করে বিধানসভায় পাঠিয়ে নজির গড়েছেন তিনি।

BARMUDA

ONLINE SERVICES PVT. LTD.

www.barmudaonlineservices.com

CONTACT US

8420737709 (C.M.D.)

9674341487

Address: ANANDAPURI, BKP, HARISAVA

পুলিশকে খোঁকা দিয়ে পালালো বাংলাদেশী যুবক

নিজস্ব সংবাদদাতা, গেদে : পুলিশকে খোঁকা দিয়ে পালালো এক বাংলাদেশি যুবক। ঘটনা নদিয়ার হাসপাতাল থানার বগুলা গ্রামীণ হাসপাতালে। স্থানীয় সূত্রে জানা গেছে পুলিশ যখন বাংলাদেশী যুবককে বগুলা গ্রামীণ হাসপাতালে নিয়ে গিয়েছিল, তখন ঐ যুবক প্রত্যব করার নাম করে হাসপাতাল থেকে পালিয়ে যায়। পুলিশ সূত্রে জানা গেছে ওই যুবকের নাম বিজ্ঞান হোসেন (১৯), সে বাংলাদেশ থেকে ভারতে অবৈধভাবে প্রবেশ করেছিল, তাকে পুলিশ গ্রেফতার করে স্বাস্থ্য পরীক্ষার জন্য বগুলা গাঞ্চমারী হাসপাতালে নিয়ে

গেলে, সেখান থেকে সে পুলিশের চোখ ফাঁকি দিয়ে পালিয়ে যায়। এই ঘটনায় পুলিশের ভূমিকা নিয়ে উঠেছে প্রশ্ন। কারণ গত দুদিন আগেও ঠিক একইভাবে ধৃত দুই বাংলাদেশি পুলিশ কে খোঁকা দিয়ে পালিয়ে যায়, যদিও তাদের মধ্যে একজন গ্রেফতার হয়, আর একজনকে এখনো পর্যন্ত খুঁজে বের করতে পারেনি পশ্চিমবঙ্গ পুলিশ। আর সেই ঘটনার রেস কাটতে না কাটতেই রবিবার ফের অবৈধ অনুপ্রবেশকারী বাংলাদেশী যুবকের পালানোকে কেন্দ্র করে পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠছে সর্বস্তরে।

হিমালয় বেস্ট বেঙ্গল পড়ুন ও পড়ান

RADHARANI AYA CENTRE

We are provides Nurse Attendent, house keeping, domestic work & Cook

Prop.: Beauty Sarkar

M - 9932875192 6290741017

Dum Dum Road, Kol - 74

Email: radharaniayacenter@gmail.com

গণেশ চতুর্থীর সেরা উপহার পদ্মশ্রী বীরেন কুমার বসাক ঘরানায় জামদানি শিল্পে বৈচিত্র্য



জাতীয় পুরস্কার প্রাপ্ত তাঁতশিল্পী অভিনব বসাক



নিজস্ব প্রতিনিধি, নদিয়া গণেশ চতুর্থী উপলক্ষে বিশিষ্ট তাঁতশিল্পী বীরেন কুমার বসাক ও তাঁর দল নিয়ে এসেছে নতুন ও নান্দনিক ডিজাইনের বিশেষ শাড়ি এবং ওয়াল হ্যান্ডিং। প্রথাগত জামদানি শিল্পে নতুন মাত্রা এনে এই বিশেষ কাজগুলো ফুটিয়ে তোলা হয়েছে। জামদানি বুননে চিত্রকর্মের সংমিশ্রণে অনন্য কাজ ফুটিয়ে তোলা হয়েছে। গণেশ থিমের একটি শাড়ি তৈরি করা হয়েছে দেশি তশরের ওপর জামদানি

কাজের মাধ্যমে। এছাড়া একটি বিশেষ ওয়াল হ্যান্ডিং তৈরি করা হয়েছে কোরা সিল্কের ওপর সু সূক্ষ্ম জামদানি বুননে। উৎসব ও ঋতুভেদে অনন্য ডিজাইনের এই কাজগুলো সাধারণত সীমিত সংখ্যায় মাত্র ১-২ পিস তৈরি করা হয়, যা দ্রুত সংগ্রাহকদের হাতে পৌঁছে যায়। ওয়াল হ্যান্ডিংগুলোর দাম সাধারণত ১৫,০০০ থেকে ১৭,০০০ টাকার মধ্যে এবং বিশেষ তশর-জামদানি শাড়িগুলোর দাম ৩৫,০০০ থেকে ৪০,০০০ টাকার মধ্যে রাখা হয়েছে।

বীরেন কুমার বসাকের এই ঐতিহ্যবাহী ‘ঘরানা’ থেকে এর আগেও অনেক তরুণ শিল্পী অনুপ্রেরণা পেয়েছেন; ২০১৯ সালে তাঁরই এক ছাত্র এই কাজের জন্য জাতীয় পুরস্কার ও অর্জন করেছিলেন বলে জানা যায়। ঐতিহ্য ও আধুনিকতার মেলবন্ধনে নির্মিত এই শিল্পকর্মগুলো যেকোনো উৎসবের আয়োজনে এনে দেবে বিশেষ মাত্রা বলেই মনে করছেন পদ্মশ্রী বীরেন কুমার বসাকের ছেলে জাতীয় পুরস্কার প্রাপ্ত তাঁত শিল্পী অভিনব বসাক।

Mr Kinjol Chakraborty a researcher from kalyani made space in the London based Bakes publication ,that published Mr Chakraborty's researched papers.His researched paper analysed and explained the relevance of the holy Mahabharata.He analysed by simple method ,so that students could gain depth knowledge easily.His research emphasized coordination on education with the Mahabharatham ,modern phenomena-based learning,asset-based pedagogy,transmythopoetic analysts of learning,quantum reflection and quantum entanglement.Mr chakraborty introduced a new Mahabharatan-pedogogical

integrity model of learning.It is a new conceptual framework.His research found fundamental difference between knowledge and wisdom .According to him wisdom could be gained from value based education. Mr Chakraborty presented acyclic-framework trans-formative education having researched the balance theory of wisdom by great psychologist Robert Stenberg through phenomena-based pedagogy.Making link between Indian knowledge,wisdom and contemporary education is the be all and end all.His research highly admired by the Piyyar reviewed journal and British journal of contemporary research.

পারিজাত

(সাহিত্য পত্রিকা, ত্রৈমাসিক)

নিজে পড়ুন, প্রিয়জনকে পড়ান

লেখা পাঠান : ৯৭৪৯৫৪৭৮৯০

এই হোয়াটসঅপ নম্বরে

যে কোনও ব্যক্তিগত কিংবা পারিবারিক সমস্যা সমাধানে সিদ্ধহস্ত, স্বর্ণপদক প্রাপ্ত তত্ত্বজ্যোতিষ

২৫ বছরের অভিজ্ঞতাসম্পন্ন ও তারা মায়ের আশীর্বাদধন্য

মহারাজ

মলয় শাস্ত্রী

চেষ্টার: বগুলা বাসন্ত্যাব্দ শনি, রবি ও সোমবার (সকাল ১১টা থেকে বিকেল ৪টায়)। অন্যান্য দিন নিজ গৃহমন্দির (জোয়ারী বাসন্ত্যপূজা থেকে পায়ে হেঁটে দক্ষিণে ১ মিনিটের পথ) মঙ্গল, বুধ, বৃহস্পতি ও শুক্রবার (সকাল ৯টা থেকে বিকেল ৩টায় পর্যন্ত)

9775367931 | 9775509277

বি.দ্র. ফোন অগ্রিম বুকিং বাঞ্ছনীয়